

ছাত্রলীগের দুর্দণ্ড থেকে ফেলে দেওয়ার অভিযোগ

টাঙ্গাইল প্রতিনিধি

১৫ ফেব্রুয়ারি ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদেশময়



টাঙ্গাইলে মণ্ডলী ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই গ্রন্থের দুর্দণ্ড থেকে তিনতলার ছাদ থেকে ফেলে দেওয়ার অভিযোগ উঠেছে। গত মঙ্গলবার রাতে বিশ্ববিদ্যালয়ের জননেতা আব্দুল মান্নান হলে দুই গ্রন্থের বিরোধের সময় এই ঘটনা ঘটে। শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. হুমায়ুন কবীর অভিযোগ করেছেন, সভাপতি গ্রন্থের কর্মীরা তাদের ওপর হামলা চালিয়েছে।

ছাত্রলীগের দুর্দণ্ড আহতরা হলেন- বিএনবি বিভাগের সোহানুর রহমান সোহান, আইসিটি বিভাগের জয় ধর, ক্যামিস্ট্রি বিভাগের সজিব শেখ, অর্থনীতি বিভাগের সৌরভ, মিনার, নাইম রাজ, আইসিটি বিভাগের সৌরভ, টেক্সটাইল বিভাগের তামীম।

এদের মধ্যে সোহানকে তিন তলার ছাদ থেকে ফেলে দিয়ে ও বাকিদের দেশীয় ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করা হয়েছে বলে জানা যায়। আহতদের টাঙ্গাইল ২৫০ শয়াবিশ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। আহতদের মধ্যে একজনের অবস্থা গুরুতর হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় স্থানান্তর করা হয়।

আহতরা জানান, রাতের খাবার খেয়ে তারা তাদের হলের (জননেতা আব্দুল মান্নান হল) ছাদে বসে গল্প করছিলেন। এমন সময় ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মানিক শীলের অনুসারী সাফি মোরসালিন, আবিদ, রকি, ইদ্রিস, রবিউল, রংবেল, বিশ্বজিৎ, অপুর নেতৃত্বে ২৫-৩০ জন বহিরাগত অতর্কিত হামলা চালায়। এতে হামলায় অন্তত ৭-৮ জন আহত হন। এ সময় সোহানকে তিন তলার ছাদ থেকে ফেলা দেওয়া হয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয় এলাকায় উদ্ভেজনা ও আতঙ্ক ছড়িয়ে পড়ে।

পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। এ সময় জননেতা আব্দুল মান্নান হলে তল্লাশি চালিয়ে অন্তত ২০টি লোহার রড, দুটি চাপাতি উদ্ধার করেছে পুলিশ।

শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. হুমায়ুন কবীর বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ সুন্দর রাখতে সুষ্ঠু তদন্তের মাধ্যমে ঘটনার সঙ্গে জড়িতদের কঠোর শাস্তি দাবি করেন। তবে ঘটনার সঙ্গে সম্পৃক্ততার কথা অস্বীকার করেছেন শাখা ছাত্রলীগ সভাপতি মানিক শীল।

টাঙ্গাইল সদর থানার পরিদর্শক (তদন্ত) সাদিকুর রহমান বলেন, এ ঘটনায় এখনো কোনো মামলা হয়নি। মামলা পেলে তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।